প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার
ভাইস চ্যান্সেলর
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
খালিশপুর, খুলনা-৯০০০

Prof. Dr. Md. Asaduzzaman Sarker
Vice-Chancellor
Khulna Agricultural University
Khalishpur, Khulna-9000

স্মারক নং: খুকৃবি/ভিসি অফিস/২০২৬/০১/০২

তারিখ: ১২ রবিঃ আউঃ ১৪৩৩ হিজরি
২৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

# পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে শুভেচ্ছা বাণী

১২ই রবিউল আউয়াল পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) মুসলিম উম্মাহর জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও মহিমান্বিত একটি দিন। এ দিনে মহান আল্লাহর প্রিয় হাবিব, মানবতার মুক্তির দূত ও সর্বশেষ নবী হযরত মুহাম্মদ (সা.)-এর পৃথিবীতে শুভাগমন ঘটে। তাঁর আগমন মানবজাতিকে অজ্ঞতা, অন্ধকার, অন্যায় ও বৈষম্য থেকে মুক্তির পথ দেখিয়েছে এবং জ্ঞান, ন্যায়, মানবিকতা, শান্তি ও কল্যাণের আদর্শ প্রতিষ্ঠা করেছে।

মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর পবিত্র জীবনাদর্শ আমাদের জন্য সর্বোত্তম অনুসরণীয় দৃষ্টান্ত। তাঁর সুন্নাহ, কর্মপদ্ধতি, জ্ঞানচর্চা, শৃঙ্খলা, সততা, পরিশ্রম, ন্যায়বোধ ও মানবকল্যাণের শিক্ষা আমাদের ব্যক্তিজীবন ও সমাজজীবনকে আলোকিত করতে পারে। তিনি জ্ঞান অর্জনকে উৎসাহিত করেছেন এবং মানুষের কল্যাণে জ্ঞান ও প্রজ্ঞাকে কাজে লাগানোর শিক্ষা দিয়েছেন। তাই রাসুলুল্লাহ (সা.)-এর জীবনাদর্শ অনুসরণ করে জ্ঞান-বিজ্ঞান, গবেষণা, উদ্ভাবন ও মানবকল্যাণে এগিয়ে যেতে পারলে মুসলিম উম্মাহ আবারও বিশ্বসভায় জ্ঞান ও সভ্যতার নেতৃত্ব প্রতিষ্ঠা করতে সক্ষম হবে।

বিশেষ করে একটি বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব হলো জ্ঞান সৃষ্টি, জ্ঞান বিতরণ এবং সেই জ্ঞানকে মানবকল্যাণে প্রয়োগ করা। খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় মহানবী (সা.)-এর জ্ঞান, নৈতিকতা, মানবিকতা ও কল্যাণের আদর্শ ধারণ করে কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ, খাদ্য ও পরিবেশসহ বিভিন্ন ক্ষেত্রে শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে অবদান রাখতে অঙ্গীকারবদ্ধ।

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)-এর এই মহিমান্বিত দিনে আমি খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী, গবেষক, অ্যালামনাই এবং দেশ-বিদেশের সকল মুসলিম ভাই-বোনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

মহান আল্লাহ তাআলা আমাদের সবাইকে মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর সুন্নাহ ও আদর্শ অনুসরণ করার তাওফিক দান করুন এবং জ্ঞান, গবেষণা, নৈতিকতা ও মানবসেবার মাধ্যমে বাংলাদেশ তথা মুসলিম উম্মাহকে সমৃদ্ধ ও উন্নত করার শক্তি দান করুন। আজকের এই পবিত্র দিনে মহান রবের নিকট প্রার্থনা উনি আমাদের মাননীয় প্রধানমন্ত্রীকে নেক হায়াত দান করুন এবং বাংলাদেশের মানুষের কল্যাণে উনাকে কাজ করার তৌফিক দিন।

ঈদে মিলাদুন্নবী (সা.) মোবারক।

(প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার)
ভাইস চ্যান্সেলর
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
খালিশপুর, খুলনা-৯০০০, বাংলাদেশ